

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৪৮৩

১২/ কুরআন

পরিচ্ছেদঃ কুরআনের তাফসীর

## আরবী

عَنْ يَعْلَى بْنِ أُمَيَّةَ قَالَ قُلْتُ لِعُمَرَ بْنِ الْخَطَّابِ (لَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ أَنْ تَقْصُرُوا مِنَ الصَّلاَةِ إِنْ خِفْتُمْ أَنْ يَفْتِنَكُمُ الَّذِينَ كَفَرُوا) فَقَدْ أَمِنَ النَّاسُ فَقَالَ عَجِبْتُ مِمَّا عَجِبْتَ مِنْهُ فَسَأَلْتُ رَسُولَ اللهِ عَيْلِيُ عَنْ ذَلِكَ فَقَالَ صَدَقَةٌ تَصنَدَّقَ اللهُ بِهَا عَلَيْكُمْ فَاقْبَلُوا صَدَقَتَهُ

## বাংলা

(১৪৮৩)য়্যা'লা বিন উমাইয়া (রাঃ) থেকে বর্ণিত। একদা তিনি উমার (রাঃ) কে বলেন, কী ব্যাপার যে, লোকেরা এখনো পর্যন্ত নামায কসর পড়েই যাচ্ছে, অথচ মহান আল্লাহ তো কেবল বলেছেন যে, "যখন তোমরা ভূপৃষ্ঠে সফর কর, তখন তোমরা নামায সংক্ষেপ করলে তোমাদের কোন অপরাধ নেই; যদি তোমরা এই আশংকা কর যে, কাফেররা তোমাদেরকে বিব্রত করবে।" আর বর্তমানে তো ভীতির সে অবস্থা অবশিষ্ট নেই?

উমার (রাঃ) উত্তরে বললেন, যে ব্যাপারে তুমি আশ্চর্যবাধে করছ, আমিও সেই ব্যাপারে আশ্চর্যবাধে করে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এ কথার উল্লেখ করলে তিনি বললেন, এটা তোমাদেরকে দেওয়া আল্লাহর একটি সদকাহ। সুতরাং তোমরা তাঁর সদকাহ গ্রহণ কর।

## ফুটনোট

(আহমাদ, মুসলিম ১৬০৫, মিশকাত ১৩৩৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ ইয়ালা ইবন উমাইয়া (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন